

## পিএ/পিটিএ পরিচালনা

পিএ/পিটিএ সদস্যদেরকে অবশ্যই ভোট দিতে হবে এবং এসোসিয়েশন পরিচালনা ও গঠন করার জন্য উপবিধি প্রণয়ন করতে হবে। সকল পিএ/পিটিএ উপবিধি অবশ্যই চ্যান্সেলরের প্রবিধান [Chancellor's Regulation A-660](#)-এর শর্ত পূরণ করতে হবে। পিএ/পিটিএ উপবিধির একটি নমুনা নিচের ওয়েবসাইটে পাওয়া যাবে: <http://schools.nyc.gov/Offices/FACE/filesandresources.htm>

## চ্যান্সেলরের প্রবিধান অ-৬৬০

চ্যান্সেলরের প্রবিধান [A-660](#) (সিআরএ-৬৬০) সকল স্কুলকে একটি প্যারেন্ট অ্যাসোসিয়েশন (পিএ) বা একটি প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন (পিটিএ) তৈরি করতে এবং পিতামাতাদেরকে তাদের অধিকার ভালোভাবে প্রতিষ্ঠা করতে পিএ/পিটিএ-এর পরিচালকমণ্ডলীদেরকে নির্দেশ দেয়।

পিএ/পিটিএ-এর ভূমিকা ও দায়দায়িত্ব সম্পর্কে অধিক

তথ্যের জন্য অনুগ্রহ করে ডিভিশন অব ফ্যামেলি

অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট ফেইস)-এর [প্যারেন্ট](#)

[অ্যাসোসিয়েশন ওয়েবপেজ](#) দেখুন।



আরও তথ্য ও সহায়তার জন্য::

নিচের প্যারেন্ট লিডারশিপ ওয়েবসাইট দেখুন:  
[www.schools.nyc.gov/Offices/FACE/BecomingaParentLeader/default.htm](http://www.schools.nyc.gov/Offices/FACE/BecomingaParentLeader/default.htm)

আপনার অন্য কোন প্রশ্ন থাকলে আপনি

[FACE@schools.nyc.gov](mailto:FACE@schools.nyc.gov)

ইমেইল ঠিকানায় কিংবা ফোনে

212.374.4118 নম্বরে

ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট-

এর সাথে যোগাযোগ করুন।

# প্যারেন্ট

# অ্যাসোসিয়েশন এবং প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন

## পিএ/পিটিএ পরিচিতি

ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট

[পিতামাতা ও পরিবারবর্গ](#)

T&I- 18496 (Bengali)



## পিএ/পিটিএ কী?

প্যারেন্ট অ্যাসোসিয়েশন (পিএ) এবং প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন (পিটিএ) হল স্কুলভিত্তিক সংগঠন যা বর্তমানে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে ভর্তি শিক্ষার্থীদের পিতামাতাদের জন্য উন্মুক্ত। পিএ/পিটিএগুলো ছেলেমেয়েদের স্কুলে পিতামাতাদের সংশ্লিষ্ট হওয়ার জন্য প্রাথমিক রাস্তা।

## আমি কিভাবে স্কুলের পিএ/পিটিএ-তে যোগ দিতে পারি?

সকল পিতামাতা, সং-পিতামাতা, আইনগত নিযুক্ত অভিভাবক, পালক পিতামাতা এবং পিতামাতার সম্পর্কে আবদ্ধ সবাই আপনা-আপনি স্কুলের পিএ/পিটিএ-এর সদস্য। পিএ/পিটিএ তে যোগ দেয়ার প্রয়োজন হয় না।

পিতামাতা শব্দটির অর্থ শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক, অথবা শিক্ষার্থীর সঙ্গে পিতামাতা বা হেফাজতকারীর সম্পর্কে আবদ্ধ ব্যক্তি।

স্কুলের পিএ/পিটিএ-এর সাথে সংশ্লিষ্ট হওয়ার ব্যাপারে সুনির্দিষ্ট তথ্যের জন্য স্কুলের প্রিন্সিপ্যাল বা প্যারেন্ট কোঅর্ডিনেটর-এর সাথে কথা বলুন।

## পিএ/পিটিএ-এর ভূমিকা কি?

পিএ/পিটিএ পিতামাতাদেরকে সন্তানের শিক্ষায় সংশ্লিষ্ট হতে, চিন্তাভাবনা বিনিময় করতে এবং স্কুল কমিউনিটিকে সমৃদ্ধ করতে সহায়তা করে। প্রত্যেক পিএ/পিটিএ তাদের নিজস্ব উপবিধি প্রণয়ন, কর্মকর্তা নির্বাচন এবং নিয়মিত বৈঠক অনুষ্ঠান করে।

যদিও পিএ/পিটিএগুলোর সুনির্দিষ্ট ভূমিকা বিভিন্ন হয়ে থাকে, তাদের দায়িত্ববলির মধ্যে রয়েছে:

- স্কুল লিডারশিপ এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিলগুলোয় কাজ করার জন্য পিতামাতাদের নির্বাচন করা
- স্কুল কর্মকাণ্ডে অন্যান্য পিতামাতাকে সংশ্লিষ্ট করার জন্য উদ্যোগ গ্রহণ করা
- স্কুলে কর্মকাণ্ডে সমর্থন দেয়া, যেমন প্যারেন্ট-টিচার কনফারেন্স, ওপেন হাউস এবং পাঠক্রম সমন্বয়
- স্কুলে শিক্ষা, সামাজিক এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে সহায়তার জন্য ফান্ডরেইজিং এর ব্যবস্থা করা

## ‘পিএ’ নাকি ‘পিটিএ’?

প্যারেন্ট অ্যাসোসিয়েশনের (পিএ) সদস্যরা শিক্ষক এবং স্কুলের অন্যান্য কর্মচারীকে সদস্যপদ দেয়ার উদ্দেশ্যে অ্যাসোসিয়েশনের উপবিধি সংশোধন করতে পারেন। যেসব পিএ স্কুল কর্মচারীদের অন্তর্ভুক্ত করার জন্য ভোট দেয় সেগুলো প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন (পিটিএ) হয়ে যায়।

- একমাত্র পিতামাতা সদস্যরাই সংগঠনের কাঠামো পিএ থেকে পিটিএ তে রূপান্তরিত করার লক্ষ্যে ভোট দিতে পারেন।
- শিক্ষক ছাড়াও অন্যান্য কর্মচারীকে যেমন প্যারাপ্রফেশনাল, স্কুল এইড, স্কুল সেক্রেটারি এবং ফুড সার্ভিস ওয়ার্কার) অন্তর্ভুক্ত করার জন্য উপবিধি সংশোধন করতে পারেন।
- স্কুলের কর্মকর্তারা নিজেদের স্কুলের পিএ/পিটিএ সদস্য হতে পারবেন না।
- স্কুল কর্মচারীরা স্কুলের পিএ/পিটিএ-র নির্বাহী বোর্ড অথবা মনোনয়ন কমিটির সদস্য হতে পারবেন না।